প্রাইভেসী পলিসি রাইডার

তথ্য নিয়ন্ত্রক কে**?**

তথ্য নিয়ন্ত্রক , অর্থাৎ এই প্রাইভেসী পলিসিতে উল্লিখিত তথ্য প্রক্রিয়াকরণের উদ্দেশ ও উপায় নির্ধারণ করে এমন সংস্থা হলো ফুডপান্ডা বাংলাদেশ লিমিটেড, নাভানা প্রিস্টাইন প্যালেস ,১২৮ গুলশান এভিনিউ, ৯ম তলা , প্লট ১২৮-নাভানা প্রিস্টাইন প্যাভিলিওন, ব্লক -সিইএন (এইচ), গুলশান এভিনিউ, গুলশান ২, ঢাকা-১২১২, ঢাকা, এবং ইমেইল ঠিকানা support@foodpanda.com.bd, (এখানে "ফুডপান্ডা" "আমরা", "আমাদের", "নিয়ন্ত্রক" হিসেবে বর্ণিত)। সম্বোধনের ক্ষেত্রে "রাইডার" বা "স্বাধীন ঠিকাদার" শব্দসমূহও ব্যবহার করা হবে।

কেনো এবং কোন ব্যক্তিগত তথ্য আমরা প্রক্রিয়া করি **?**

আপনার কোনো তথ্য আমাদের কোনো উদ্দেশে প্রয়োজন এবং কোনো পরিস্থিতিতে আমরা আপনার তথ্য অন্যদের সাথে শেয়ার করি তা আপনি নিচে দেখতে পারেন।

ব্যক্তিগত তথ্য হলো এমন তথ্য যেগুলোর সাথে ব্যক্তির প্রত্যক্ষ এবং পরোক্ষ সম্পর্ক রয়েছে, যেমন প্রথম এবং শেষ নাম, ঠিকানা, ফোন নম্বর, জন্ম তারিখ, অবস্থানের তথ্য বা ইমেইল এড্রেস।

আমরা কোন ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করি **?**

আমাদের গ্রাহকদেরকে আমাদের ডেলিভারি সার্ভিস প্রদানের জন্য, আমরা বিভিন্ন টুলস এবং সিস্টেম ব্যবহার করি যা অর্ডার ডেলিভারির জন্য অত্যাবশ্যক। কর্মী ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক ক্রিয়াকলাপের জন্য আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করতে আমরা বহিরাগত এবং অভ্যন্তরীন টুলস এবং সিস্টেম ব্যবহারের মাধ্যমে আমরা নিম্নলিখিত বিভাগগুলোর ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রক্রিয়া এবং সংরক্ষণ করি:

| তথ্যের বিভাগ | ব্যাখ্যা |
|---|---|
| সনাক্তকরণ তথ্য | নাম, উপাধি , ঠিকানা, ছবি / ফটো |
| যোগাযোগের তথ্য | ইমেইল এড্রেস, ফোন নম্বর |
| একাউন্ট তথ্য | জন্ম তারিখ, জন্মস্থান, জাতীয়তা, লিঙ্গ, ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরন, শনাক্তকরণ নম্বর |
| কর্মদক্ষতা তথ্য | অ্যাপ্লিকেশন ব্যবহারের সময়, অর্ডারের বিবরণ |
| ভৌগোলিক অবস্থানের তথ্য | জিপিএস তথ্য |
| প্রযুক্তিগত তথ্য | ডিভাইসের তথ্য |

কোন উদ্দেশ্যে আমরা ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করি **?**

বৈধ উদ্দেশ ও সামঞ্জস্যপূর্ণ প্রক্রিয়া থাকলে প্রয়োজনবোধে আমরা শুধুমাত্র ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি। উদ্দেশ্য এবং আইনি ভিত্তি সম্পর্কিত আরো তথ্য নিচে দেওয়া হলো :

| উদ্দেশ্য | এই উদ্দেশ্যে কেন আমরা তথ্য প্রক্রিয়া করি**?** |
|---|---|

| | |
|---|---|
| নিয়োগ | আবেদনের প্রক্রিয়ার অংশ হিসাবে, আপনি আমাদের কাছে যে তথ্যগুলো উন্মুক্ত করেছেন তার ভিত্তিতে আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রক্রিয়া এবং সংগ্রহ করি। এক্ষত্রে তথ্য প্রক্রিয়া করণের উদ্দেশ্য হলো আবেদনকারীর আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের তথ্য<br>• অ্যাকাউন্টের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তির সূচনা<br><br>পরিচয় যাচাইকরন:<br><br>আপনার অ্যাপ্লিকেশন প্রোফাইলকে সম্ভাব্য প্রতারণামূলক আক্রমণ থেকে রক্ষা করার জন্য, আমাদেরকে আপনার পরিচয় যাচাই করতে হয় এবং প্রোফাইলের মালিকের বিষয়ে নিশ্চিত হতে হয়। এজন্য যাতে প্রাথমিক পর্যায়েই সন্দেহজনক আচরণের ধরণ শনাক্তকরণ নিশ্চিত করার যায় সেজন্য আমরা পরিচয় যাচাই এর ব্যবস্থা করে থাকি। আমরা আপনাকে আমাদের সিস্টেমে একটি "সেলফি" ছবি / ফটো আপলোড করতে বলবো যা আমরা যাচাই এবং পর্যালোচনা করবো। পরিচয় যাচাই হবার সাথে সাথে ছবিটি মুছে ফেলা হবে এবং আমাদের আর এই তথ্যের প্রয়োজন হবে না।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• আইনি স্বার্থ হলো উপরে বর্ণিত উদ্দেশ্য |
| আবেদনকারীর আবেদন পুনঃসক্রিয়াকরণ | যদি কোনো আবেদনকারী আবেদন প্রক্রিয়া চালিয়ে না যান, তাহলে আবেদনকারীকে আবেদন প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য যে পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে তা স্মরণ করীয়ে দেয়ার জন্য এসএমএস বা ইমেইল পাঠানো হবে।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তির সূচনা<br>• আবেদন নির্ঝঞ্ঝাট আবেদন প্রক্রিয়া এবং আরো ভালো অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য আইনি স্বার্থ |
| চুক্তি | একজন স্বাধীন ঠিকাদারের চুক্তির সমাপ্তি<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• অ্যাকাউন্ট তথ্য |

| | |
|---|---|
| | আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন |
| অনবোর্ডিং | সেবা দেয়ার প্রথম দিনের প্রস্তুতি, নতুন রাইডারের প্রশিক্ষণ<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• অ্যাকাউন্ট তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন |
| উপস্থিতি পর্যবেক্ষণ | চুক্তিগত বাধ্যবাধকতা পূরণের নিমিত্তে রাইডারদের নির্ভরযোগ্যতার মূল্যায়ন।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ :<br><br>• যোগাযোগের ঠিকানা<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন |
| অ্যাকাউন্ট | ব্যবহৃত এপ্লিকেশনগুলির জন্য প্রয়োজনীয় অ্যাকাউন্ট তৈরি করা<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• অ্যাকাউন্ট তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তির সূচনা<br><br>পরিচয় যাচাইকরণ<br><br>আপনার এপ্লিকেশন প্রোফাইলকে সম্ভাব্য প্রতারণামূলক আত্রমণ থেকে রক্ষা করার জন্য, আমাদেরকে আপনার পরিচয় যাচাই করতে হয় এবং প্রোফাইলের মালিকের বিষয়ে নিশ্চিত হতে হয়। এজন্য যাতে প্রাথমিক পর্যায়েই সন্দেহজনক আচরণের ধরণ শনাক্তকরণ নিশ্চিত করা যায় সেজন্য আমরা পরিচয় যাচাইয়ের ব্যবস্থা নিয়ে থাকি। আমরা আপনাকে আমাদের সিস্টেমে একটি "সেলফি" ছবি/ফটো আপলোড করতে বলব যা আমরা যাচাই এবং পর্যালোচনা করবো। পরিচয় যাচাই হওয়ার সাথে সাথে ছবিটি মুছে ফেলা হবে এবং আমাদের আর এই তথ্যর প্রয়োজন হবে না।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br><br>আইনগত ভিত্তি: |

| | |
|---|---|
| | • আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য |
| কাজের সময় লিপিবদ্ধ<br>করণ | রাইডার কতৃক সম্পাদিত কাজের লিপিবদ্ধকরণ<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br>• শনাক্তকরণ তথ্য<br>• শিফটের শুরু এবং শেষ তারিখ<br><br>আইনগত ভিত্তি<br>• চুক্তি সম্পাদন |
| গ্রাহক যোগাযোগ | অর্ডার বা ডেলিভারির অবস্থা সম্পর্কে গ্রাহকদের সাথে যোগাযোগ<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের বিবরণ<br>• অবস্থানের তথ্য<br>• যোগাযোগের বিষয়বস্তু<br>• ছবি (যদি পাওয়া যায়)<br><br>আইনি ভিত্তি:<br><br>• অর্ডার ডেলিভারি উদ্দেশ্যে এবং ভাল অভিজ্ঞতার জন্য গ্রাহকদের সাথে একটি সুষ্ঠু যোগাযোগ প্রক্রিয়া নিশ্চিত করার জন্য আইনি স্বার্থ<br>• সম্মতি |
| ফটো এবং ভিডিও | রাইডারদের ছবি ও ভিডিও তোলা এবং প্রকাশ করা<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• ছবিভিডিও<br><br>আইনি ভিত্তিঃ<br><br>• সম্মতি |
| রাইডার প্রশাসন | আইনগতভাবে প্রয়োজনীয় নথি তৈরি ও প্রমাণাদির জন্য এবং আমাদের রাইডারদের পারিশ্রমিকের জন্য আমরা আপনাদের ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, প্রক্রিয়া করি এবং সংরক্ষণ করি।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের তথ্য<br>• অ্যাকাউন্ট তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন<br>• আইনি বাধ্যবাধকতা |
| যোগাযোগ | আমাদের এবং রাইডারদের মধ্যে যোগাযোগের জন্য বিভিন্ন টুলস ব্যবহার করা হয়। প্রয়োজনীয় তথ্যের যোগাযোগই হল প্রক্রিয়াকরণের উদ্দেশ্য। |

| | |
|---|---|
| | ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br><br>আইনি ভিত্তিঃ<br><br>● চুক্তি সম্পাদন<br>● আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য |
| ডেলিভারি | আমাদের গ্রাহকদের অর্ডারকৃত পণ্যের দ্রুত ডেলিভারি নিশ্চিত করার জন্য, রাইডারদের সমন্বিত তথ্য সংগ্রহ<br>করা হয় এবং যারা সবথেকে সুবিধাজনক অঞ্চলে রয়েছেন সেই রাইডারদের অর্ডার দেওয়া হয়।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br>● ভৌগলিক অবস্থানের তথ্য<br>● প্রযুক্তিগত তথ্য<br><br>আইনি ভিত্তিঃ<br><br>● চুক্তি সম্পাদন<br>● আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য |
| ডেলিভারির সময় অনুমান | গ্রাহকদেরকে প্রত্যাশিত ডেলিভারি সময় সম্পর্কে জানানোর জন্য, গড় গতির তথ্য বেনামে প্রক্রিয়া করা হয়।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● ভৌগলিক অবস্থান তথ্য (বেনামী)<br><br>আইনগত ভিত্তি<br><br>● আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য |
| অর্থ প্রদান | বিবৃতি প্রস্তত করাঃ পরিসেবা ফি প্রদান<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br>● ব্যাংক অ্যাকাউন্টের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>● চুক্তি সম্পাদন |

| | |
|---|---|
| রাইডারের সরঞ্জাম | রাইডাররা আমাদের কাছ থেকে তাদের সরঞ্জাম গ্রহণ করেন। এ সরঞ্জামগুলোতে রাইডারদের একই ধরণের বাহ্যিক অবয়ব থাকে পাশাপাশি তাদের সুরক্ষাও থাকে। প্রয়োজনীয় সরঞ্জাম যাতে সবসময় পাওয়া যায় এজন্য আমরা সরবারহকৃত সরঞ্জামগুলোর ব্যবস্থা করি এবং তা পর্যবেক্ষণ করি।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>● চুক্তি সম্পাদন<br>● আইনি বাধ্যবাধকতা |
| সময় রেকর্ডিং | ডেলিভারির প্রকৃত চর্চার জন্য আমরা আমাদের রাইডারদের ব্যক্তিগত তথ্য সংগ্রহ, প্রক্রিয়া এবং সংরক্ষণ করি। এক্ষত্রে তথ্য প্রত্রিয়াকরণের উদ্দেশ্য হলো কর্মঘন্টা সংগ্রহ এবং প্রয়োজনীয় রেকর্ড তৈরি করা।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br>● অ্যাকাউন্টের তথ্য<br>● পারফরম্যাস তথ্য<br>● ভৌগলিক অবস্থানের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>● চুক্তি সম্পাদন<br>● আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য |
| কর্মদক্ষতা মূল্যায়ন | ডেলিভারিকৃত অর্ডারের মান (রেস্তোরী এবং গ্রাহকের অভিযোগ), অর্ডারের পরিমাণের ওপর ভিত্তি করে রাইডারের কর্মদক্ষতা মূল্যায়ন করা হয়। নির্ভরযোগ্যতা, সঠিকভাবে লগইন এবং শিফটের সময় শেষ না হওয়া পর্যন্ত অর্ডার গ্রহণ- এগুলোও এতে অন্তর্ভুক্ত। এছাড়াও যথযথভাবে অর্ডার দেয়াও বিবেচনায় নেয়া হয়।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য<br>● কর্মদক্ষতা তথ্য<br>● ভৌগলিক অবস্থানের তথ্য<br>● প্রযুিগত তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>● চুক্তি সম্পাদন |
| অব্যাহতি | রাইডারদের সাথে চুক্তির সাধারণ এবং বিশেষ সমাপ্তি<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>● শনাক্তকরণ তথ্য<br>● যোগাযোগের তথ্য |

| | |
|---|---|
| | আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন |
| অফ বোর্ডিং | বিদ্যমান অ্যাকাউন্ট নিষ্ক্রিয়করণ: প্রাপ্ত পোশাক এবং সরঞ্জাম ফেরত ।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের তথ্য<br><br>আইনগত ভিত্তি:<br><br>• চুক্তি সম্পাদন |
| আর্কাইভিং | ট্যাক্সের জন্য নথি সংরক্ষণ করা।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br><br>• শনাক্তকরণ তথ্য<br>• যোগাযোগের তথ্য<br>• জন্য তারিখ<br>• ট্যাক্সের তথ্য<br>• কর্মদিবস<br><br>আইনগত ভিত্তি:<br><br>• আইনি বাধ্যবাধকতা |
| বিজ্ঞাপন এবং বিপণন | অনলাইন মার্কেটিং<br>বড় পরিসরে যোগ্য রাইডারদের খুঁজে বের করার ওপর ভিত্তি করে আমাদের নিয়োগ প্রক্রিয়া সম্পাদিত হয়। যোগ্য প্রার্থীদের কাছে পৌছানোর জন্য, আমরা মার্কেটিং ক্যাম্পেইন পরিচালনা করি। এভাবে, আমরা আমাদের প্রতিটি ধাপকে যতটা সম্ভব স্বচ্ছভাবে আপনাদের কাছে উপস্থাপন করতে চাই । নিম্নলিখিত অনলাইন মার্কেটিং ধাপগুলি আমরা অনুসরণ করি । যাতে রয়েছে টার্গেটিং এবং রিটার্গেটিং।<br><br>১) টার্গেটিং: নীতিগতভাবে, টার্গেটিং মানে নির্দিষ্ট টার্গেট গ্রপের জন্য উপযোগী ওয়েবসাইটগুলোতে বিজ্ঞাপন প্রদর্শন। যার উদ্দেশ্য থাকে সবথেকে যোগ্য রাইডার ও ব্যবহারকারীর কাছে যাতে আলাদাভাবে যতটা সম্ভব বিজ্ঞাপনের আকর্ষণীয় ব্যানার প্রদর্শন করা হয়। প্রথমত, আমরা একটি টার্গেট গ্রুপ নির্ধারণ করি এবং দ্বিতীয়ত, নির্ধারিত টার্গেট গ্রুপে আমাদের বিজ্ঞাপন দেখানোর জন্য আমরা আমাদের পরিসেবা প্রদানকারীদের কমিশন দেই । আমরা কোনো ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করি না, কারণ এ তথ্যগুলো প্রাথমিক পর্যায়ে বেনামে থাকে । আমরা বিভিন্ন টার্গেট গ্রুপকে বিভক্ত করি এবং সফলভাবে টার্গেটিংয়ের জন্য আলাদা আলাদা পোর্টালে পৃথক পৃথক বিজ্ঞাপন দেই।<br><br>২) রিটার্গেটিং: রাইডার প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য পাওয়ার জন্য আপনি আমাদের ওয়েবসাইট পরিদর্শন করার সাথে সাথে, আমরা কুকিগুলোতে এই তথ্য সংরক্ষণ করি। এসময় আপনি যদি অন্য ওয়েবসাইট দেখা চালিয়ে যান, আমাদের বিজ্ঞাপনের অংশীদাররা আমাদের পক্ষ থেকে তখন আপনাকে মনে করিয়ে দেবে যে আপনি এখনও আবেদন জমা দেননি । আমরা চাই না আপনি আমাদের চমকপ্রদ রাইডার প্রোগ্রামটি মিস করবেন। আপনি আপনার ব্রাউজারে যথাযথভাবে অ্যাড-অনস ইনস্টল করে রিটার্গেটিং বন্ধ করতে পারেন। পাশাপাশি, আপনি যে ব্রাউজারে ব্যবহার করছেন তার কুকিজ নিয়মিত মুছে ফেলতে পারেন এবং এটা করা উচিত।<br><br>ব্যক্তিগত তথ্যের বিভাগ:<br>• যোগাযোগের তথ্য |

| | |
|---|---|
| | ● ওয়েবসাইট ভিজিটর তথ্য<br><br>আইনি ভিত্তি:<br><br>● আমাদের আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য। |
| অপারেশনাল নিরাপত্তা এবং জালিয়াতি প্রতিরোধ | আপনার অ্যাপ্লিকেশন প্রোফাইলটি সম্ভাব্য প্রতারণামূলক কার্যকলাপ থেকে রক্ষা করতে, আমাদের আপনার পরিচয় যাচাই করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে আপনি প্রোফাইলের প্রকৃত মালিক। এই উদ্দেশ্যে, আমরা প্রথম দিকে সন্দেহজনক আচরণের ধরণগুলি সনাক্ত করার জন্য পূর্ব পরিকল্পিত পরিচয় যাচাইকরণ ব্যবস্থা নিযুক্ত করি। এই প্রক্রিয়ার অংশ হিসাবে, আমরা আপনাকে আমাদের সিস্টেমে একটি নিজস্ব ছবি আপলোড করার জন্য অনুরোধ করব, যা আপনার প্রোফাইলে ব্যবহৃত ছবির সাথে স্বয়ংক্রিয়ভাবে মুখমন্ডলের তুলনা করবে। এই ছবিটি ৯০ দিনের জন্য সংরক্ষণ করা হবে, তারপরে এটি মুছে ফেলা হবে যদি না স্থানীয় কোন আইনি শর্তাবলী একটি ভিন্ন সময়কাল নির্ধারণ করে। এই ছবিটি অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হবে না বা কোন তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা হবে না। আপনার পরিচয় যাচাই করার সময়, আমরা শুধুমাত্র Apple-এর ARKit এবং TrueDepth প্রযুক্তি, বা Google-এর MLKit ব্যবহার করি, যাতে নিশ্চিত করা যায় যে জমা দেওয়া ছবিটি একজন প্রকৃত ব্যক্তির তোলা। আমরা এই প্রক্রিয়া চলাকালীন আমাদের সিস্টেমের মধ্যে বা কোন তৃতীয় পক্ষের সাথে কোন মুখমন্ডলের উপাত্ত সংগ্রহ, শেয়ার বা সংরক্ষণ করি না। |

আমরা কতো সময় ধরে ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করি?

আমাদের কাজ সম্পাদন হওয়ার পর আমরা সাধারণত আপনাদের তথ্য মুছে ফেলি। তথ্য মুছে ফেলার সঠিক নিয়মগুলো আমাদের রিজিওনাল ডিলেটিশন কনসেপ্টস এ সংজ্ঞায়িত করা হয়েছে। তথ্য প্রক্রিয়াকরণের উদ্দেশ্য অনুসারে তথ্য মুছে ফেলার বিভিন্ন নিয়ম ব্যবহৃত হয়। আমাদের ডিলেটিশন কনসেপ্টস এ আমরা বিভিন্ন তথ্য শ্রেণিকে সংজ্ঞায়িত করেছি এবং নিয়ম অনুসারে তথ্য মুছে ফেলার সময়সীমা নির্ধারণ করেছি। যথাযথ সময়সীমা শেষ হওয়ার পর স্বয়তক্রিয়ভাবেই সংরক্ষিত তথ্য মুছে ফেলা হবে। নির্দিষ্ট পরিস্থিতিতে; যেমন আইনগতভাবে যথাযথ সময়সীমা রয়েছে এ সময়ের মধ্যে তথ্য মুছে ফেলার জন্য যেকোনো অনুরোধকে প্রত্যাখান করা যেতে পারে। যা আমাদের একটি নির্দিষ্ট ন্যূনতম সময়ের জন্য সংরক্ষিত তথ্য মুছে ফেলা থেকে বিরত রাখে। এই আইনি প্রয়োজনীয়তা গুলো মেনে চলার জন্য, আমরা আমাদের কাজ সম্পাদনের পর প্রাসঙ্গিক তথ্য ব্লক করি এবং এর মাধ্যমে তথ্যের সম্পূর্ণতা এবং তথ্য অখণ্ডতার নিশ্চয়তা দেই।

কোন তথ্য প্রক্রিয়াকরণের মাধ্যমে এবং কেনো আমরা ব্যক্তিগত তথ্য শেয়ার করি?

আমরা অননুমোদিত কোনো তৃতীয় পক্ষের কাছে তথ্য সরবারহ করি না। তবে, আমাদের কাজের অংশ হিসেবে আমরা নির্দিষ্ট সেবা প্রদানকারীদের সেবা গ্রহণ করি এবং তারা আমাদের কিছু তথ্যে সীমিত প্রবেশাধিকার পায়। যা আমরা কঠোরভাবে পর্যবেক্ষণ করি। এছাড়াও আমরা আমাদের পক্ষ থেকে তথ্য প্রক্রিয়াকরণের জন্য ব্যক্তিগত তথ্য প্রেরণ করার আগে, প্রতিটি প্রতিষ্ঠানের একটি পৃথক অডিট করি। এক্ষেত্রে তাদের প্রত্যেকের আইনগতভাবে তথ্য সুরক্ষার প্রয়োজনীয় বিষয়গুলো অবশ্যই মানতে হয় এবং উপযুক্ত প্রমাণসহ তাদের তথ্য সুরক্ষার ধাপগুলো প্রমাণ করতে হয়।

তথ্য প্রক্রিয়াকরণের জন্য সম্পৃক্ত প্রত্যেক প্রতিষ্ঠানের সম্পৃক্ততার কারণগুলো স্বচ্ছতার সাথে এবং যথাযথ উপায়ে নিচে দেয়া হলো

তথ্য প্রক্রিয়াকরণের জন্য সম্পৃক্ত কারণ প্রতিষ্ঠান বহিরাগত সেবা প্রদানকারী তারা আমাদের আইটি সমাধান এবং অবকাঠামো প্রদানের মাধ্যমে অহায়তা করে বা আমাদের ব্যবসায়িক কার্যক্রমের নিরাপত্তা নিশ্চিত করে। উদাহরণস্বরূপ তারা ত্রুটি চিহিত করে এবং তা সংশোধন করে আমাদের ব্যবসায়িক কার্যত্রমকে সহায়তা করে। পাশাপাশি যদি তারা এমন কোনো সেবা দেয় যার জন্য তাদের কমিশন দেওয়া হয় সেক্ষত্রে বহিরাগত ট্যাক্স পরামর্শক, আইনজীবী বা নিরীক্ষকদের কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারে।

ডেলিভারি হিরো এসই গ্রুপের সদস্যরা একটি গ্রুপের মধ্যে কখনও কখনও যথাযথভাবে বিভিন্ন অভিজ্ঞ পক্ষকে ব্যবহারের প্রয়োজন হয়। এই সদস্যরা প্রেক্ষিতে, আমরা আমাদের কাজগুলোকে সফলভাবে সম্পাদন করার জন্য আমাদের গ্রুপের মধ্যে একে অপরকে সমর্থন করি। এছাড়াও আমরা যৌথভাবে বিভিন্ন সেবা আদান প্রদান করি। এখানে প্রযুক্তিগত সহায়তার কথা বলা যেতে পারে। ডেলিভারি হিরো এসই"র সাথে যৌথভাবে তথ্য সুরক্ষার প্রয়োজনীয় বিষয়গুলো নিশ্চিতে আমরা পুরোপুরি দায়বদ্ধ। যৌথ প্রবিধান

কাঠামোর মধ্যে, আমরা এবং ডেলিভারি হিরো এসই সম্মত হয়েছি যে আমরা উভয়ই সমানভাবে স্ব স্ব অধিকারের বিষয়ে নিশ্চয়তা দেবো। অতএব আপনি আমাদের এবং ডেলিভারি হিরো এসই-কে ওরানিয়ানবুর্গার স্ট্রাসে ৭০, ১০১১৭ বার্লিন এই ঠিকানায় যেকোনো অনুরোধ করতে পারেন। আপনি dpo@deliveryhero.com । এই ঠিকানায় তথ্য সুরক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারেন।

অভিযুক্ত কর্তৃপক্ষ এবং আইনি প্রক্রিয়া  দুর্ভাগ্যবশত কখনো কখনো এমন হতে পারে যে আমাদের কিছু রাইডার ও সেবা প্রদানকারী সঠিক প্রক্রিয়া আচরণ করেন না এবং আমাদের ক্ষতিসাধন করতে চান। এমন পরিস্থিতিতে আইনি বাধ্যবাধকতা থাকা স্বত্তেও আমরা ব্যক্তিগত তথ্য সরবারহে বাধ্য নই। কেননা যেকোনো ক্ষতিসাধন রোধে অবশ্যই আমাদের স্বার্থ জড়িত থাকে। এক্ষেত্রে আমরা আমাদের দাবিগুলোকে প্রাধান্য দিয়ে অযৌক্তিকদাবিগুলোকে প্রত্যাখ্যান করি।

কোনো তৃতীয় দেশে কী আমরা ব্যক্তিগত তথ্য স্থানান্তর করি?

আমরা আপনার তথ্য প্রধানত এশিয়া-প্যাসিফিক (এপিএসি)'র মধ্যে প্রত্রিয়া করি। তবে উপরে উল্লিখিত আমাদের কিছু সেবা প্রদানকারী রয়েছেন যারা এশিয়া-প্যাসিফিক (এপিএসি) অঞ্চলের বাইরে অবস্থান করেন। আমাদের সমস্ত তথ্য প্রত্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানকে তৃতীয় দেশে ব্যক্তিগত তথ্য স্থানান্তরের জন্য নির্দিষ্ট কিছু নিয়মকানুন মেনে চলতে হয় । তৃতীয় দেশের কোনো সেবা প্রদানকারীর কাছে আপনার তথ্য স্থানান্তর করার আগে, প্রত্যেক পরিসেবা প্রদানকারীকে প্রথমে তার তথ্য সুরক্ষা স্তরের বিষয়ে মূল্যায়ন করা হয়। যদি তারা পর্যাপ্ত ধাপ অনুসরণের মাধ্যমে তথ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে পারে তবেই তাদেরকে সেবা সরবরাহকারী হিসেবে তালিকাভুক্ত করা হয়। আমাদের সেবা প্রদানকারীরা এশিয়া-প্যাসিফিক (এপিএসি) বা তৃতীয় দেশ যে অঞ্চলেরই হোক না কেনো প্রতিটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে অবশ্যই আমাদের সাথে একটি চুক্তি স্বাক্ষর করতে হয়। যেখানে তথ্য সুরক্ষা বা প্রাইভেসি আইনের প্রয়োজনীয় বিধান থাকে।

কুকিজ

আমাদের ওয়েবসাইটের ভিজিটকে আকর্ষণীয় করার জন্য এবং নির্দিষ্ট কিছু ফাংশনের ব্যবহার সক্ষম করতে আমরা বিভিন্ন পেজে তথাকথিত কুকি ব্যবহার করি। এগুলি ছোট টেক্সট ফাইল যা আপনার ডিভাইসে সংরক্ষিত থাকে । কিছু কুকিজ আমরা ব্যবহার করি যা ব্রাউজার সেশন শেষ হওয়ার পরে মুছে ফেলা হয়। যেমন আপনার ব্রাউজার বন্ধ করার পরে (তথাকথিত সেশন কুকি) কুকিজ মুছে ফেলা হয়। অন্যান্য কুকিজ আপনার ডিভাইসে থাকে এবং আমাদের বা আমাদের অধিভুক্ত প্রতিষ্ঠানকে আপনার পরবর্তী ভিজিট স্থায়ী কুকিজ) এ আপনার ব্রাউজার শনাক্ত করে। আপনি আপনার ব্রাউজার এমনভাবে সেট করতে পারেন যাতে আপনি কুকিজ সেটিং সম্পর্কে জানতে পারেন এবং নির্দিষ্ট ক্ষেত্রে বা সাধারণভাবে প্রত্যেক কুকিজ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন বা কুকিজ গ্রহণ না করে বাদ দিতে পারেন । কুকিজ গ্রহণে ব্যর্থতা আমাদের ওয়েবসাইট/অ্যাপের কার্যকারিতা সীমিত করতে পারে। অপ্রয়োজনীয় কুকিজ ব্লক করার জন্য আপনি আপনার ব্রাউজারে বাড়তি অ্যাড-অনস ইনস্টল করতে পারেন। এর ফলে আপনি আগ্রহ-ভিত্তিক কোনো বিজ্ঞাপন দেখতে পারবেন না।

ব্যক্তিগত তথ্যের বিভাগঃ

সীমিত ডিভাইসের তথ্য যেমন আইপি ঠিকানা, ডিভাইস আইডি, ম্যাক ঠিকানা, অপারেটিং সিস্টেম, ডিভাইসের ধরন, অ্যাডভার্টাইজার আইডি (আইডিএফএ) অথবা এন্ড্রোইড অ্যাড আইডি (এএআইডি)

আইনগত ভিত্তি:

- সম্মতি
- আইনি স্বার্থ হল উপরে বর্ণিত উদ্দেশ্য ।

কুকি পলিসিতে আপনি আমাদের কুকি এবং ওয়েবট্রযাকিং পলিসির বিষয়গুলো পাবেন ।

তথ্যের ক্ষেত্রে আপনার অধিকারগুলো কী এবং কীভাবে সেগুলোকে তুলে ধরা যেতে পারে?

আপনার কাছ থেকে আমরা যে ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করেছি তা সম্পর্কে আমাদের কাছ থেকে বিনা মূল্যে স্পষ্ট তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে।

এছাড়াও আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:

| | |
|---|---|
| প্রবেশাধিকার | আমরা আপনার সম্পপর্কে কোন তথ্য সংরক্ষণ করি এবং কীভাবে আমরা এই তথ্য প্রক্রিয়া করি তা জানার অধিকার আপনার রয়েছে। |
| সংসধোনের অধিকার | যদি আপনি লক্ষ্য করেন যে সংরক্ষিত তথ্যে ভুল রয়েছে তবে আপনি যে কোনো সময় আমাদের এটি সংশোধন করতে বলতে পারেন। |
| মুছে ফেলার অধিকার | আপনার সম্পর্কে আমাদের সংরক্ষিত তথ্য মুছে দিতে আপনি যেকোনো সময় আমাদের বলতে পারেন। |
| প্রক্রিয়াকরণের সীমাবদ্ধতার অধিকার | আপনি যদি আপনার তথ্য মুছে ফেলতে না চান, কিন্তু আমরা এটিকে আরও প্রক্রিয়াকরণ করবো সেটিও না চেয়ে থাকেন তবে আপনি আমাদেরকে আপনার ব্যক্তিগত তথ্য প্রত্রিয়াকরণ সীমাবদ্ধ করতে বলতে পারেন। এই ক্ষেত্রে আমরা আপনার তথ্য সংরক্ষণ করব এবং আপনার সম্মতির প্রেক্ষিতে শুধুমাত্র আপনার অপারেটিভ সিস্টেমে এটি পুনরায় সংহত করা হবে। তবে, এই সময়ের মধ্যে আপনি আমাদের সেবাগুলো ব্যবহার করতে পারবেন না, অন্যথায় আমরা আপনার তথ্য আবার প্রত্রিয়া করব। |
| তথ্য বহন করার অধিকার | মেশিন-রিডেবল ফরম্যাটে আপনার সম্পর্কে সংরক্ষিত তথ্য আপনি আপনার বা অন্য দায়িত্বশীল ব্যক্তির কাছে পাঠানোর কথা বলতে পারেন। এই প্রেক্ষিতে, আমরা জেএসওএন ফরম্যাটে আপনার জন্য সে তথ্য উনুক্ত করব। |
| আপনার তথ্য প্রত্রিয়াকরণে আপত্তি করার অধিকার | আপনি যে কোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন অথবা আপনার তথ্য আরও প্রত্রিয়াকরণে আপত্তি জানাতে পারেন। এর মধ্যে রয়েছে আইনি বিষয় মেনে সম্মতি ছাড়াই যেসব তথ্য সংগ্রহ করা হয় তা প্রক্রিয়াকরণে আপত্তি জানানো। এটি সরাসরি বিপণনের ক্ষেত্রে প্রযোজ্য। আপনি যেকোনো সময় পরবর্তী নিউজলেটার পেতে আপত্তি করতে পারেন। আপনি যদি আমাদের আইনি স্বার্থের ওপর ভিত্তি করে আমাদের প্রত্রিয়াকরণের উদ্দেশ্যপুলির সাথে একমত না হন বা এটিতে আপত্তি করতে চান, তাহলে আপনি তার বিশেষ পরিস্থিতির ভিত্তিতে যে কোনো সময় প্রক্রিয়াকরণে আপত্তি জানাতে পারেন। support@foodpanda.com.bd এই ঠিকানায় ইমেইল পাঠাতে পারেন। এই ক্ষেত্রে আমরা পুনরায় প্রক্রিয়াকরণ কার্যক্রম পর্যালোচনা করব এবং এই উদ্দেশ্যে আপনার তথ্য প্রক্রিয়াকরণ বন্ধ করব অথবা আপনাকে আমাদের সুরক্ষার কারণ এবং কেনো আমরা প্রব্রিয়াজাতকরণ চালিয়ে যাব তা ব্যাখ্যা করব। |
| স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ | আমাদের কার্যক্রমকে সহজ করার জন্য আমরা আযালগরিদমের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্যও প্রক্রিয়া করি।<br>কেবলই স্বয়ংক্রিয় প্রত্রিয়াকরণের ওপর ভিত্তি করে সিদ্ধান্তের বিষয়ে অবশ্যই আপনার মত দেয়ার অধিকার<br>রয়েছে। যদি আপনি মনে করেন যে আমরা অযাচিতভাবে আপনার প্রবেশাধিকার বাদ দিয়েছি তবে আপনি যে কোনো সময় support@foodpanda.com.bd এ ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। এক্ষেত্রে, আমরা বিষয়টি আলাদাভাবে যাচাই করব এবং কেস-বাই-কেস ভিত্তিতে সিদ্ধান্ত নেব। |
| অভিযোগের অধিকার | যদি আপনি বিশ্বাস করেন যে আমরা আপনার ব্যক্তিগত তথ্য বা আপনার অধিকার নিয়ে অন্যায্য কিছু করেছি তবে আপনি যে কোনো সময় উপযুক্ত তন্ললাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ করতে পারেন। |

আমাদের জন্য দায়িত্বপ্রাপ্ত তত্টাবধায়ক কর্তৃপক্ষ হল:

কর্তৃপক্ষের নাম: ডিজিটাল সিকিউরিটি এজেন্সি

ঠিকানাঃ (ডিএসএ), আইসিটি টাওয়ার, লেভেল ১২, প্লট + ই-১৪/এক্স, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ।